

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
পাবনা সদর, পাবনা।



স্মারক নং- ৪১.০১.৭৬৫৫.০০০.৯৯.০০৫.২৩- ১৭৮

তারিখ: ১৭-০৭-২০২৩ খ্রি:

বিষয়: সমাজসেবা অফিস কর্তৃক ভাতা প্রাপ্ত সকল প্রকার ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন প্রসঙ্গে।

সূত্র: সমাজসেবা অধিদফতর সামাজিক নিরাপত্তা শাখা স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.১০.৫৩৮  
তারিখ: ২৬-০৬-২০২৩ খ্রি: ।

উপরোক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, সুত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক সমাজসেবা অধিদফতর কর্তৃক ভাতা ও উপবৃত্তি প্রাপ্ত উপকারভোগীদের স্বশরীরে উপস্থিতির মাধ্যমে লাইভ ভেরিফিকেশন করার নির্দেশনা প্রদান করা হয়। সেই সাথে ভেরিফিকেশনে প্রাপ্ত মৃত উপকারভোগীর পরিবর্তে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, সকল ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশনের নিমিত্তে মাইক্রোফোনের মাধ্যমে প্রতিটি ওয়ার্ড ও মহল্লায় ব্যাপক প্রচার-প্রচারনার মাধ্যমে একটি নির্দিষ্ট স্থানে একটি নির্দিষ্ট দিনে সকল ভাতাভোগীদের উপস্থিতি নিশ্চিত করে আগামী ৩১ জুলাই ২০২৩ খ্রি: তারিখের মধ্যে লাইভ ভেরিফিকেশনে কার্যক্রম পরিচালনা করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিঃদ্র: লাইভ ভেরিফিকেশন কার্যক্রমে যে সকল ভাতাভোগী অনুপস্থিত থাকবে তাদেরকে নিরুদ্দেশ বা মৃত বলে ধরে নেওয়া হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

*.....* ৩১/০৭/২০২৩  
সিরাজুল ইসলাম  
উপজেলা সমাজসেবা অফিসার  
পাবনা সদর, পাবনা

চেয়ারম্যান

*.....*  
..... ৩১/০৭/২০২৩

ইউনিয়ন পরিষদ

পাবনা সদর, পাবনা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১. জেলা প্রশাসক, পাবনা।
০২. উপপরিচালক, জেলাসমাজসেবা কার্যালয়, পাবনা।
০৩. উপজেলা চেয়ারম্যান পাবনা সদর, পাবনা।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সরদ, পাবনা।
০৫. ট্যাগ অফিসার (সকল) ইউনিয়ন, পাবনা সদর, পাবনা।
০৬. অফিস কপি।